



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৪

তারিখ: ৩ মাঘ ১৪৩০

১৭ জানুয়ারি ২০২৪

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৩৪৬৮/২০২৩ এর বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন-৪ শাখা এর স্মারক নং-০৫.০০.০০০০.১৯৩.০৪.০০৫.২৪.১৪, তারিখ: ০৯ জানুয়ারি, ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, আইন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় পিটিশনার জনাব মোঃ অহিদুর রহমান, স্টাট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা গং কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৩৪৬৮/২০২৩ মামলায় সরকারের স্বার্থ রক্ষায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বিক আইনানুগ কার্যক্রম গ্রহণ করে গৃহীত কার্যক্রম সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন অনুবিভাগকে অবহিতকরণের জন্য অনুরোধ করেছেন।

০২। রিট পিটিশন নং- ১৩৪৬৮/২০২৩ মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮(আট) জনকে বিবাদী করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৪৬৮/২০২৩ মামলার আদেশ/রায়ের আলোকে বাদী/বাদীগণের আবেদন/আবেদনসমূহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে মহামান্য হাইকোর্ট বিভাগ এবং এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৭-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৪/১(৪)

তারিখ: ৩ মাঘ ১৪৩০
১৭ জানুয়ারি ২০২৪


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) সহকারী সচিব, আইন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা



১৭-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব